142

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY .6 .. 1999
পৃষ্ঠা ৩ কলাম ১

# রাকসু নির্বাচন অনুষ্ঠানের উপর নিষেধাজ্ঞা প্রার্থনা করে আদালতে মামলা দায়ের

রাঃ বিঃ রিপোর্টার ঃ রাকসু নির্বাচন অনিশ্চিত হয়ে পড়েছে। নির্বাচনে ভোটাধিকার চেয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় ভাষা বিভাগের অধীন সার্টিফিকেট কোর্সের দু'জন ছাত্র রাজশাহী সদর সিনিয়র সহকারী জজ আদালতে মামলা দায়ের করেছে।

ভাষা কোর্সের ছাত্র মোহাম্মদ আলী ও তার অপর সঙ্গী আদালতে ৮ মে রাকসু, সিনেটে ছাত্র প্রতিনিধি ও হল সংসদসমূহের নির্বাচনের মনোনয়ন পত্র জমাদান ও ২০ মে নির্বাচন অনুষ্ঠানের উপর নিষেধাজ্ঞা প্রার্থনা করে মামলার আরজিতে বলা হয়, তারা ভাষা সার্টিফিকেট কোর্সের ছাত্র। ভাষা বিভাগ কলা অনুষদের অন্তর্ভুক্ত একটি বিভাগ। এতে তারা ভোটাধিকার প্রয়োগের অধিকার সংরক্ষণ করেন। আদালত এ ব্যাপারে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও নির্বাচনের রিটার্নিং অফিসারকে ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে আলাপ করা হলে জানানো হয়, এ পর্যন্ত তারা মামলা সংক্রান্ত ব্যাপারে কিছু জানে না।

এদিকে যে কোন মূল্যে ২০ মে নির্বাচন অনুষ্ঠানের দাবীতে গতকাল ক্যাম্পাসে ছাত্রদল, ছাত্র শিবির ছাত্র মৈত্রীসহ কয়েকটি সংগঠন মিছিল ও সমাবেশ করে।